

“রপ্তানী উন্নয়ন ব্যুরো”
“প্রশাসনিক তহবিল ”

নিরীক্ষীত আর্থিক বিবরণীর উপর নিরীক্ষা প্রতিবেদন
০১লা জুলাই, ২০২১ হইতে ৩০শে জুন, ২০২২ তারিখে সমাপ্ত বছরের জন্য।

Khan Wahab Shafique Rahman & Co.

CHARTERED ACCOUNTANTS

SINCE 1968



A member of
mgeworldwide

A Top 20 ranked international network and association
of independent audit, tax, accounting and consulting firms

নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদন

বরাবর পরিচালনা কর্তৃপক্ষ

প্রশাসনিক তহবিল

ঢাকা ও আঞ্চলিক শাখাওয়ারী

নিরীক্ষিত সংযোজিত একত্রীভূত আর্থিক বিবরণীসমূহের প্রতিবেদন

শর্তযুক্ত মতামত (Qualified Opinion) :

আমরা রপ্তানী উন্নয়ন ব্যুরোর “প্রশাসনিক তহবিল” এর ঢাকা ও আঞ্চলিক শাখাসমূহের সংযোজিত একত্রীভূত আর্থিক বিবরণী, যা ৩০শে জুন, ২০২২ইং তারিখের সংযোজিত একত্রীভূত উদ্বৃত্ত পত্র এবং উক্ত সমাপ্ত বছরের সংযোজিত একত্রীভূত আয়-ব্যয় হিসাব বিবরণী, সংযোজিত একত্রীভূত প্রাপ্তি-প্রদান হিসাব বিবরণী, সংযোজিত একত্রীভূত আর্থিক বিবরণীসমূহের টীকাসমূহ, গুরুত্বপূর্ণ হিসাব-বিজ্ঞান নীতিমালার আলোকে নিরীক্ষা করেছি।

আমাদের মতামত এই যে, আমাদের নিরীক্ষা প্রতিবেদনে বর্ণিত শর্তযুক্ত মতামতের ভিত্তি অনুচ্ছেদে বিষয়সমূহের প্রভাব ব্যতীত, আনুষঙ্গিক আর্থিক বিবরণীর সামগ্রিক গুরুত্বপূর্ণ বিষয়সমূহসহ, প্রতিষ্ঠানটির ৩০শে জুন, ২০২২ ইং তারিখে আর্থিক বিবরণী, এবং ইহার সমাপ্ত বছরের আর্থিক আয়-ব্যয়ের প্রতিফলন এবং ইহার প্রাপ্তি-প্রদান প্রবাহ প্রযোজ্য আইন ও বিধিমালা অনুযায়ী যথাযথভাবে প্রতিফলিত হয়েছে।

শর্তযুক্ত মতামতের ভিত্তি :

প্রধান কার্যালয়, ঢাকা

১. দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য জনতা ব্যাংকে যে হিসাব নং-(০৪২৩৩৬০০০২৬৯) খোলা হয়েছিল তা অর্থ বছর (২০১৩-২০১৪) তে বন্ধ করা হয়েছিল। পূর্ববর্তী বছরগুলোতে জনতা ব্যাংকের ব্যাংক হিসাবটি হতে ভিন্ন (ইপিএফ) একাউন্টে অর্থ স্থানান্তর করা হয়েছিল। উক্ত ব্যাংক হিসাবটি হতে স্থানান্তরকৃত অর্থ ১,২২৪,৬৪০ টাকা আর্থিক বিবরণীতে ঋণ ও অগ্রিম খাত হিসাবে দেখানো হয়েছিল। যা চলতি নিরীক্ষা বৎসর পর্যন্ত সমন্বয় করা হয়নি।

২. ব্রাক ব্যাংক চলতি হিসাব নং-৩১০০২ এর জন্য কোন ক্যাশ বুক এবং লেজার বুক তৈরি করা হয়নি। সঠিক লেজার সিস্টেমের অভাবে ভুল আর্থিক প্রতিবেদন, কোম্পানির আর্থিক অব্যবস্থাপনা এবং



